



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১০ ফেব্রুয়ারী, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

মারাত্মক আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান বিষয়ে মহামান্য হাইকোর্টের নির্দেশনা প্রদান

আজ ১০ ফেব্রুয়ারী, ২০১৬ মারাত্মক আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ নির্দেশনা প্রদান করেছেন। জরুরী চিকিৎসা সেবা প্রদান করতে বিভিন্ন হাসপাতালের অস্বীকৃতি জানানোর ফলে সড়ক দুর্ঘটনায় জনৈক ব্যক্তির মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে মারাত্মক আহত ব্যক্তির জরুরী চিকিৎসা সেবা কেন প্রদান করা হবে না মর্মে মহামান্য আদালত নির্দেশনা জারি করেছেন।

আদালত জাতীয় সড়ক নিরাপত্তা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৪-১৬ অনুযায়ী রাষ্ট্রের সকল হাসপাতালে ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে জরুরী চিকিৎসা সেবার ক্ষেত্রে কি ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে তার একটি অগ্রগতি প্রতিবেদন তিন মাসের মধ্যে আদালতে দাখিল করার নির্দেশ প্রদান করেছেন। পাশাপাশি সচিব, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে জরুরী চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা প্রাপ্তিতে বাধাপ্রাপ্ত হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কোথায় অভিযোগ দাখিল করবে সে বিষয়ে নীতিমালা তৈরী ও এ বিষয়ে গণমাধ্যমে সচেতনতা তৈরী করতে নির্দেশ প্রদান করেছেন। এছাড়া আদালত স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে দুর্ঘটনাজনিত কারণে আঘাতপ্রাপ্ত কোন ব্যক্তিকে জরুরী চিকিৎসা সেবা দেয়ার জন্য দুর্ঘটনাস্থলে উপস্থিত কোন ব্যক্তি যদি সাহায্যের জন্য এগিয়ে আসে তবে তাদের সুরক্ষার জন্য একটি নির্দেশনা তৈরী করার নির্দেশ দিয়েছেন।

আজ ব্লাস্ট ও সৈয়দ সাইফুদ্দীন কামালের দায়ের করা একটি রিট মামলায় বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মোঃ ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এ আদেশ দেন।

এ ঘটনায় সংবিধানের অনুচ্ছেদ, ২৭, ৩১ ও ৩২ ও মেডিকেল ব্যবস্থা এবং বেসরকারী ক্লিনিকসমূহ ও ল্যাবরেটরী অর্ডিন্যান্স ১৯৮২ এর ধারা ৮, ১১ এবং বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ১৯৮০ এর ধারা ৫(ক) এর লঙ্ঘন বলে মামলার আবেদনে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, সৈয়দ সাইফুদ্দীন কামাল, ব্যবস্থাপনা পরিচালক, তরু, এর কাছে থেকে জানা যায় যে, ২১ শে জানুয়ারী ২০১৬ তারিখে জনৈক আরাফাত নামে একজন বাসের হেলপার বাসে উঠার সময় পা পিছলে নিচে পরে যায় এবং মারাত্মক ভাবে আহত হয়। পরে তাকে নিয়ে নিকটবর্তী হাসপাতালে নেয়া হলে সেই হাসপাতাল চিকিৎসা করতে অস্বীকৃতি জানায়। সেই আহত ব্যক্তিকে নিয়ে অন্য আরো ২ টি হাসপাতালে নেয়া হলে সেগুলো থেকে প্রত্যাখ্যাত হয়ে গুলশান থানা থেকে একজন সাব-ইন্সপেক্টর এর সহায়তায় তাকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন আইনজীবী সারা হোসেন এবং তাকে সহযোগিতা করেন ব্যারিস্টার অনিতা গাজী রহমান, ব্যারিস্টার রাসনা ইমাম, এস এম রেজাউল করিম এবং শারমিন আক্তার। রাষ্ট্র পক্ষে ছিলেন এডভোকেট মোতাহার হোসেন সাজু।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট,

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

প্রয়োজনে যোগাযোগ করুন:

ব্যারিস্টার অনিতা গাজী রহমান ফোন: ০১৭১৩০৩৬৯১৭ ইমেইল anita@legalcirclebd.com

ব্যারিস্টার রাসনা ইমাম ফোন: ০১৭১৪১৩৬০৭১ ইমেইল rashna.imam@akhtarimam.com

সারা হোসেন ফোন: ০১৭১৩০৩১৮২৮ ইমেইল shossain@khossain.com